ইত্তেফাক

তারিখ ... 13/9/74 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 5 ...

103



# পরলোকে কবি আজিজুর রহমান

( ইত্তেফাক রিপোর্ট )

খ্যাতনামা কবি ও গীতিকার জনাব আজিজুর রহমান গতকাল (মঙ্গলবার) অপরাহ্ন ৩টা ২০ মিনিটে ঢাকার পি, জি, হাসপাতালের ৯ নং ওয়ার্ডে ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহে... রাজেউন)। মৃত্যুকালে তাঁহার বয়স হইয়াছিল ৫৫ বৎসর। গত ৯ই সেপ্টেম্বর তাঁহাকে পি, জি, হাসপাতালে ভর্তি করা হয়। তিনি বহুমূত্র ও গ্যাংগ্রিন রোগে ভুগিতেছিলেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, ৩ ছেলে, ৪ মেয়ে, বহু আত্মীয়স্বজন ও অসংখ্য গুণগ্রাহী রাখিয়া গিয়াছেন।

গতকাল রাত্রি সোয়া ৯টায় মোহাম্মদপুরের কলেজ গেটস্থ মসজিদে মরহুমের নামাজে জানাজা অনুষ্ঠিত হয়, বাংলাদেশ টেলিভিশনের মহাপরিচালক, রেডিও বাংলাদেশ-এর মহাপরিচালক, বিশিষ্ট কবি, সাহিত্যিক ও সংগীত পরিচালক প্রমুখ মরহুমের জানাজায় শরীক হন। অতঃপর মোহাম্মদপুরস্থ বাসভবন হইতে লাশ দাফনের জন্য মর-

(৮ম পৃঃ ৫ এর কঃ দ্রঃ)

## কবি আজিজুর রহমান

(১ম পৃঃ পর)

হুমের স্বগ্রাম কুষ্টিয়ার হাটসহরিপুরে লইয়া যাওয়া হইয়াছে।

### সংক্ষিপ্ত জীবনী

কবি গীতিকার আজিজুর রহমান কুষ্টিয়া জেলার হাটস হরিপুর গ্রামে জন্ম গ্রহণ করেন। দেশ বিভাগের পূর্বে কলিকাতার আনন্দবাজার, নবশক্তি, ভারতবর্ষ, বঙ্গশ্রী, মাসিক মোহাম্মদী, বুলবুল, সওগাত, শনিবারের চিঠি, মৃত্তিকা প্রভৃতিতে এবং দেশ বিভাগের পর বাংলাদেশের প্রায় সকল পত্র-পত্রিকায়ই তাঁহার কবিতা ও গান প্রকাশিত হয়। অধুনা তিনি সঙ্গীত রচনায়ই অধিকতর নিবিষ্ট ছিলেন এবং অসংখ্য গান, গীতিকা, গজল রচনা করিয়া খ্যাতি অর্জন করেন। মরহুম আব্বাস উদ্দিন আহমদসহ দেশের বহু প্রখ্যাত শিল্পী তাঁহার রচিত গানে কণ্ঠ দিয়াছেন।

১৯৫৪ সন হইতে মরহুম আজিজুর রহমান রেডিও বাংলাদেশ-এর সঙ্গীত বিভাগে কর্মরত ছিলেন। মরহুমের প্রকাশিত গ্রন্থাবলীর মধ্যে রহিয়াছে ছুটির দিনে, এই মাটি এই মন, উপলক্ষের গান ইত্যাদি। আমরণ তিনি বাংলা সাহিত্যের সেবা করিয়া গিয়াছেন।